কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.২৩.০০১.১৮.৪০

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ।
১২ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সম্মেলন কক্ষে স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা বিগত ০৮ মার্চ ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. আপনার দপ্তর/বিভাগের আওতাধীন মাঠ পর্যায়ে সকল অফিসসমূহে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.০৩.১৮

মোঃ শাহিন মিয়া
উপসচিব (অঃ দাঃ)
সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮১১৫।
e-mail: ds_coordination@badc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ/সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
০২. সচিব, বিএডিসি, ঢাকা।
০৩. উপসচিব, উপকরণ-১ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সহকারী সচিব, নীতি-৪ শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত),বিএডিসি, ঢাকা।
০৬. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৭. প্রধান (পরিকল্পনা/মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৮. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৯. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
১০. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
১১. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ),বিএডিসি, ঢাকা।
১২. জনসংযোগ কর্মকর্তা,বিএডিসি, ঢাকা।
১৩. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১৪. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশু),বিএডিসি, ঢাকা।
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ, রেজি নং-১৯০৩ (সিবিএ)।
১৬. ....
১৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১৮. কম্পিউটার প্রোগ্রামার,আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ নাসিরুজ্জামান, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময়	:	০৮ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ; সকাল ১২:৩০ ঘটিকা।
স্থান	:	সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট - ক।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, জাতিসংঘ ১৯৭১ সালে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের তিনটি নির্ণায়ক যথা মাথাপিছু আয়, মানবসম্পদ সূচক ও অর্থনৈতিক ঝুকি সূচক এর ভিত্তিতে স্বল্পন্নোত দেশ হিসেবে চিহ্নিত করে এলডিসি শ্রেণি প্রতিষ্ঠা করে। বাংলাদেশ ১৯৭৫ সালে এলডিসি শ্রেণিতে অন্তর্ভুক্ত হয়।

০২. এলডিসি থেকে উত্তরণে নির্ণায়কসমূহের মানদন্ড (২০১৮ সালের জন্য) হচ্ছে- মাথাপিছু জিএনআই ১২৩০ মাঃ ডলার বা বেশি, মানবসম্পদ সূচক ৬৬ বা বেশি, অর্থনৈতিক ঝুকি সূচক ৩২ বা কম। ২০১৮ সালের মার্চ মাসে জাতিসংঘ কর্তৃক আয়োজিত ত্রি-বার্ষিক পর্যালোচনার জন্য নির্ধারিতমানের নিরিখে বাংলাদেশের অবস্থান (বিবিএস এর হিসাব অনুযায়ী) হচ্ছে মাথাপিছু জিএনআই ১২৭১ মাঃ ডলার, মানবসম্পদ সূচক ৭২.৯ এবং অর্থনৈতিক ঝুকি সূচক ২৪.৮।

০৩. সভাপতি সভায় উল্লেখ করেন যে, ২০১৮ সালের জন্য এলডিসি থেকে উত্তরণের জন্য তিনটি নির্ণায়কের যে কোন দুটির নির্ধারিত মান অথবা জিএনআই এর দ্বিগুণ অর্জন করতে হয়। কিন্তু বাংলাদেশই প্রথম দেশ-যা তিনটি নির্ণায়কের সবগুলোতে মান অর্জনে সক্ষম হয়েছে। উত্তরণ প্রক্রিয়ায় প্রাথমিক পর্যায়ে ২০১৮ সালের মার্চ মাসে জাতিসংঘ কর্তৃক আয়োজিত ত্রি-বার্ষিক সভায় বাংলাদেশের এলডিসি থেকে উত্তরণের ঘোষণা করা হবে। বাংলাদেশের জন্য এটি একটি ঐতিহাসিক মাইলফলক, আনন্দের ও গর্বের বিষয় বিধায় সরকার কর্তৃক সপ্তাহব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হবে। উক্ত অনুষ্ঠানে সরকারের অন্যান্য প্রতিষ্ঠানের সাথে বিএডিসি'র অংশগ্রহণ নিশ্চিত করা প্রয়োজন।

০৪. সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ শাহিন মিয়া, উপসচিব (সমন্বয়) আগামী ২২ মার্চ ২০১৮ তারিখ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে কৃষি মন্ত্রণালয়ের সিদ্ধান্ত/কর্মসূচিসমূহ উপস্থাপন করেন।

০৫. বিস্তারিত আলোচনার পর আগামী ২২ মার্চ ২০১৮ তারিখ বাংলাদেশের ঐতিহাসিক সাফল্য বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক উদযাপন উপলক্ষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত/কর্মসূচিসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী বিভাগ/কর্তৃপক্ষ
৫.১	বিএডিসি'র ঢাকাস্থ কর্মকর্তা ও কর্মচারীগণকে আগামী ২২ মার্চ ২০১৮ তারিখ বেলা ১.০০ ঘটিকায় কৃষি ভবনে একত্রিত হয়ে কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা সম্বলিত লোগোসহ ব্যানার ও ফেস্টুনসহ শিল্পকলা একাডেমীর উদ্দেশ্যে শোভাযাত্রা এবং বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানে বাধ্যতামূলক	সকল উইং, দপ্তর ও বিভাগীয় প্রধানগণ।

ক্রঃ নং	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী বিভাগ/কর্তৃপক্ষ
	অংশগ্রহণ করা । উল্লেখ্য যে, শোভাযাত্রার গতিপথ হচ্ছেঃ শিল্পকলা একাডেমী- মৎস্য ভবন - কদম ফোয়ারা - প্রেস ক্লাব - পল্টন - বায়তুল মোকারম - বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের উত্তর গেইট (মশাল গেইট) ।	
৫.২	আগামী ২২ মার্চ ২০১৮ তারিখ সংস্থার একটি গুরুত্বপূর্ণ সেবাকে হাইলাইটস করে কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা সম্বলিত লোগোসহ ব্যানার এবং সুসজ্জিত একটি ট্রাককে শোভাযাত্রার সম্মুখে প্রদর্শনের ব্যবস্থা করা ।	বীজ ও উদ্যান উইং, ক্ষুদ্রসেচ উইং।
৫.৩	বিএডিসি'র ঢাকাস্থ সকল কর্মকর্তা ও কর্মচারীকে আগামী ২২ মার্চ ২০১৮ তারিখের অনুষ্ঠানে অংশগ্রহণ নিশ্চিত করা ।	সকল উইং,দপ্তর ও বিভাগীয় প্রধানগণ ।
৫.৪	বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত আগামী ২২ মার্চ ২০১৮ তারিখের অনুষ্ঠানে অংশগ্রহণ করা। সংশ্লিষ্ট দপ্তর/বিভাগীয় প্রধানগণ মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে বিষয়টি নিশ্চিত করবেন।	সংশ্লিষ্ট দপ্তর/বিভাগীয় প্রধানগণ ।
৫.৫	আগামী ২২ মার্চ ২০১৮ তারিখ বিএডিসি কর্তৃক লিফলেট বিতরণ ও প্রদর্শন করা ।	জনসংযোগ বিভাগ।
৫.৬	বিএডিসি'র কর্মকর্তা ও কর্মচারীদের আগামী ২২ মার্চ ২০১৮ তারিখ বিএডিসি লোগো সম্বলিত একটি করে ব্যাজ সরবরাহ করা।	উদ্যান উন্নয়ন বিভাগ।
৫.৭	বিএডিসি কর্তৃক বাংলাদেশ নিম্ন মধ্যম আয়ের দেশে উত্তরণ সম্পর্কিত একটি সেমিনারের আয়োজন করা ।	বীজ ও উদ্যান উইং, ক্ষুদ্রসেচ উইং।
৫.৮	বিভিন্ন প্রকাশনায় লেখা প্রকাশের জন্য বিএডিসি কর্তৃক একটি লেখক পুল গঠন করা ।	সদস্য পরিচালক (বীজ ও উদ্যান)
৫.৯	বিএডিসি কর্তৃক আগামী ২২ মার্চ ২০১৮ তারিখ বাংলাদেশের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে ব্যয় নির্বাহের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা।	অর্থ বিভাগ।

০৬. সভাপতি আগামী ২২ মার্চ ২০১৮ তারিখ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে বিএডিসি কর্তৃক আন্তরিকতার সাথে প্রয়োজনীয় সকল প্রস্তুতি যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান এবং এ বিষয়ে পরবর্তীতে একটি ফলোআপ সভার আয়োজন করা হবে।

০৭. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নাসিরুজ্জামান)
চেয়ারম্যান, বিএডিসি
ও
সভাপতি
বাংলাদেশের ঐতিহাসিক সাফল্য উদযাপনের
প্রস্তুতিমূলক সভা।